

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নীতি ও সংস্কার শাখা
[www. Shed.gov.bd](http://www.Shed.gov.bd)


নং-৩৭.০০.০০০০.০৮৬.২৭.০০১.২০২১-৪০

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩০
০৯ জুলাই, ২০২৩ খ্রি:

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (G.R.S.) এর ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (G.R.S.) এর আলোকে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এপ্রিল, মে, জুন ২০২৩ মাসের প্রতিবেদন নির্ধারিত ছক পূরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।



(ড. শ্রীকান্ত কুমার চন্দ্র)

যুগ্মসচিব

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)

ফোন: ০২-২২৩৩৫৩৭৭৩

ই-মেইল: policy.reform@moedu.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)

মন্ত্রিপরিষদ বিভাগ

পরিবহনপুল ভবন

সচিবালয় লিংক রোড, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে জন্য প্রেরণ করা হলো:

১. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (পারফরমেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তৌকে প্রতিবেদনটি ০৯/০৭/২০২৩ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের Website-এ upload করার জন্য অনুরোধ করা হলো)।
৪. অফিস কপি।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন/২০২২-২৩

মন্ত্রণালয়/বিভাগের নামঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

বিবেচ্য মাসঃ এপ্রিল, মে, জুন/২০২৩ খ্রিস্টাব্দ।

পরিবীক্ষণ প্রতিবেদনঃ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিগত তিন মাসের (এপ্রিল, মে, জুন/২০২৩ খ্রিস্টাব্দ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন ২০২২-২৩ নিম্নরূপে উপস্থাপন করা হলোঃ

(৮) অনিক নিয়োগঃ

এ বিভাগের অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক অনলাইনে এবং অফ লাইনে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। এছাড়াও তিনি এ বিভাগের সাথে সরাসরি সম্পৃক্ত অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের আপীল নিষ্পত্তি কর্মকর্তা হিসেবে কাজ করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আপীল কর্মকর্তা ও দপ্তর প্রধানকে অবহিত করছেন।

(৯) আপীল কর্মকর্তা নিয়োগঃ

এ বিভাগের অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য আপীল কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। তিনি অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। তিনি অনিক ও অধস্তন দপ্তরসমূহের অভিযোগ প্রতিকার বিষয়ে কার্যক্রম মনিটরিং করছেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দপ্তর প্রধানকে অবহিত করছেন।

(১০) মাসিক প্রতিবেদন প্রেরণঃ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্ধারিত ফরমেটে মন্ত্রিপরিষদ বিভাগে এবং অনলাইনে www.grs.gov.bd তে যথাসময়ে মাসিক প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এছাড়া অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনের অংশ হিসেবে এ প্রতিবেদন প্রস্তুতপূর্বক “অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন/২০২২-২৩” মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। বিগত তিন মাসের (এপ্রিল, মে, জুন/২০২৩ খ্রিস্টাব্দ) পর্যালোচনা করলে দেখা যায় যে, এ বিভাগে এপ্রিল/২০২৩ মাসে প্রাপ্ত অভিযোগ ৪৮ টি এবং নিষ্পত্তি হয়েছে ৬২টি। মে/২০২৩ মাসে প্রাপ্ত অভিযোগ ৭ টি এবং নিষ্পত্তি হয়েছে ৯টি। জুন/২০২৩ মাসে প্রাপ্ত অভিযোগ ৫০টি এবং নিষ্পত্তি হয়েছে ৫২টি। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে দ্রুত অভিযোগ নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

১

এক নজরে ৪র্থ ত্রৈমাসিক অভিযোগ প্রতিকার সংক্রান্ত তথ্য

ক্র.নং	মাসের নাম	প্রাপ্ত অভিযোগ	অভিযোগ নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন অভিযোগ সংখ্যা	আপীল আবেদন সংখ্যা	আপীল নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন আপীল সংখ্যা	মন্তব্য
	এপ্রিল/২০২৩	৪৮	৬২	১৩	০৫	০৩	৯৮	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাসমূহকে বিধি মোতাবেক অভিযোগসমূহ নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
	মে/২০২৩	৭	৯	৮	০১	০	১০৯	
	জুন/২০২৩	৫০	৫২	৮	০৮	০১	১০৯	
	মোট	১০৫	৯৮	৮	১৪	০৪	১০৯	

❖ মন্ত্রিপরিষদ বিভাগের সফটওয়্যারে কারিগরি ত্রুটির কারণে ড্যাস বোর্ডে সঠিক তথ্য প্রদর্শিত হয়নি। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা হয়েছে।

❖ এ বিভাগে অনিষ্পন্ন কোন অভিযোগের আবেদন নেই।

অনিক ও আপীল কর্মকর্তার যথাযথ পদক্ষেপ গ্রহণের কারণে এ বিভাগে অভিযোগগুলো যথাসময়ে নিষ্পত্তি হচ্ছে এবং দিন দিন একই ধরনের অভিযোগের সংখ্যা হ্রাস পাচ্ছে।

(১১) অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রশিক্ষণঃ

১৭/০৫/২০২৩ তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে ৫০ জন প্রশিক্ষণার্থী নিয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ২য় প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

(১২) স্টেকহোল্ডার সভাঃ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ২য় স্টেকহোল্ডার সভা ১৯/০৬/২০২৩ এ আয়োজন করা হয়েছে।

(১৩) গণশুনানীঃ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত এ বিভাগে গণশুনানী গ্রহণের উদ্যোগ গৃহীত হয়েছে এবং বার্ষিক কর্মপরিকল্পনায় এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

(১৪) সার্বিক পরিবীক্ষণঃ

বিগত তিন মাসে প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে এ বিভাগ সংশ্লিষ্ট অভিযোগসমূহ যথাযথ সময়ে G.R.S. সিস্টেমে অনলাইনে ও অফলাইনে নিষ্পত্তি করা হচ্ছে এবং অন্যান্য দপ্তর সংস্থা সংশ্লিষ্ট অভিযোগসমূহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। বর্তমানে কোনো অভিযোগ পেভিং নেই। এ বিভাগের আওতাধীন অধিদপ্তর দপ্তর সংস্থাসমূহকে যথাযথ সময়ে অভিযোগসমূহ নিষ্পত্তি করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হওয়ায় গ্রাহক সন্তুষ্টি ইতিবাচক।


প্রতিবেদন দাখিলকারীর স্বাক্ষর

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার নাম

পদবি

ফোন নং

ইমেইল


০২/০৭/২৩

ঃ ড. শ্রীকান্ত কুমার চন্দ

ঃ যুগ্মসচিব ও অনিক

ঃ ০২-২২৩৩৫৩৭৭৩

ঃ policy.reform@moedu.gov.bd